



## নর্থ সাউথ ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হলো কোরআন কনফারেন্স

নর্থ সাউথ ইউনিভার্সিটিতে (এনএসইউ) মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের প্লাজা এরিয়ায় অনুষ্ঠিত হয়েছে 'এনএসইউ কোরআন কনফারেন্স অ্যান্ড সিরাহ এক্সিবিশন-২০২৫।' এদিন এনএসইউ কেন্দ্রীয় অডিটোরিয়ামে 'মুসলিমাহ'স চ্যালেঞ্জস ইন দ্য মডার্ন ইরা' শীর্ষক আলোচনাও অনুষ্ঠিত হয়। এর আগেরদিন লাইভ ক্যালিগ্রাফি, বইয়ের স্টল ও মেহেদি শিল্পের আয়োজন করা হয়। সিরাহ প্রদর্শনী ৮ ডিসেম্বর শুরু হয়। এটি ১২ ডিসেম্বর পর্যন্ত এনএসইউ এক্সিবিশন হলে চলবে।

গ্র্যান্ড কনফারেন্সে আলোচক ছিলেন ইসলামিক স্কলার ও আস-সুন্নাহ ফাউন্ডেশনের চেয়ারম্যান শায়খ আহমদুল্লাহ, ইসলামিক স্কলার ও হাসানাহ ফাউন্ডেশনের চেয়ারম্যান ড. মিজানুর রহমান আজহারী, বায়তুল মোকাররম জাতীয় মসজিদের খতিব মুফতি মোহাম্মদ আবদুল মালেক, জামিয়াতুল উলুমিল ইসলামিয়া মাদরাসার উপদেষ্টা এবং ইনসাফ ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক মাওলানা আবুল বাশার মো. সাইফুল ইসলাম এবং ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ড্যাফোডিল ইসলামিক সেন্টারের পরিচালক ও ইসলামিক স্কলার অধ্যাপক মোখতার আহমেদ।

মুফতি আবদুল মালেক বলেন, আল্লাহর

সন্তুষ্টি অর্জনের জন্য পবিত্র কোরআনের পথ অনুসরণ করা জরুরি। অন্ধকার থেকে আলোতে ফিরতে ও জীবনের সব বাধা দূর করতে এ মহাগ্রন্থের দিকনির্দেশনাই সবচেয়ে বড় সহায়ক।

ড. আজহারী বলেন, ইসলাম একটি জ্ঞানভিত্তিক ধর্ম। ইসলামের নির্দেশনা সহজ ও জীবনঘনিষ্ঠ; কিন্তু আমরা অনেক সময় সেটিকে কঠিন করে ফেলি। এই ধর্ম সাম্প্রদায়িক সম্প্রীতি, ভিন্ন মত ও সংস্কৃতির মানুষের মধ্যে সহাবস্থান এবং সর্বত্র মধ্যমপন্থা অনুসরণের শিক্ষা দেয়।

শায়খ আহমদুল্লাহ এনএসইউ শিক্ষার্থীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। তিনি বলেন, ধর্মীয় জ্ঞান শুধু আত্মিক উন্নতির জন্য নয়, বরং সঠিক জীবনবোধ ও নৈতিক আচরণ গঠনের জন্যও জরুরি। যুব সমাজ যদি কোরআন ও সুন্নাহর আলোকে জীবনকে সাজায়, তবে তারা নিজেদের পাশাপাশি সমাজ ও দেশকেও সঠিক পথে এগিয়ে নিতে পারবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন এনএসইউ বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান আজিজ আল কায়সার, এনএসইউর উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী, বোর্ড অব ট্রাস্টিজের আজীবন প্রতিষ্ঠাতা সদস্য এমএ কাশেম প্রমুখ। সংবাদ বিজ্ঞপ্তি।